দৈনিক ইনকিলাব

01 MAR 1989

007

# শিক্ষাঙ্গন

## ভর্তিঃ লিখিত ও মৌখিক পরীক্ষা

সাভারের মনোরম শান্ত পরিবেশে অবস্থিত দেশের দ্বিতীয় বৃহত্তম বিদ্যাপীঠ জাহাঙ্গীর বিশ্ববিদ্যালয়। এই বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষায় ৮০ নম্বরের লিখিত পরীক্ষা নেয়া হয়। এই লিখিত পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের ৮০ নম্বরের প্রাপ্ত নম্বরের সাথে এস, এস, সি এবং এইচ, এস, সি উভয় পরীক্ষার প্রাপ্ত নম্বর থেকে ০.৫% নম্বর হারে সর্বমোট ১০ নম্বরের প্রাপ্ত নম্বর যোগ করা হয়। যার মান ঢাকা বিশ্ববিদ্যালয়ের এস, এস, সি এবং এইচ, এস, সি উভয় পরীক্ষার প্রাপ্ত নম্বরের শতকরা হারের তুলনায় খুবই নগণ্য। নিঃসন্দেহে এটি প্রশংসনীয় যার ফলে লিখিত পরীক্ষায় প্রকৃত মেধাবী ছাত্র/ছাত্রীরাই উত্তীর্ণ হয়ে থাকে।

কিন্তু এই লিখিত পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের ৯০ নম্বরের প্রাপ্ত নম্বরের সাথে ১০ নম্বরের মৌখিক পরীক্ষার প্রাপ্ত নম্বর যোগ করে ছাত্র/ছাত্রী ভর্তি করানো হয়ে থাকে। এখন প্রশ্ন এই ১০ নম্বরের মৌখিক পরীক্ষার প্রাপ্ত নম্বর দিয়ে কি লিখিত পরীক্ষায় উত্তীর্ণ সকল ছাত্র/ছাত্রীদের জ্ঞান যাচাই করা যায়?

প্রথমতঃ অনেক ছাত্র/ছাত্রীই আছে যারা মৌখিক পরীক্ষা দিতে গিয়ে অনেক জানা প্রশ্নের উত্তরও ভুল করে বসে, কিংবা ভুল না করলেও যে ভাবে বলার দরকার ঠিক সেভাবে সাজিয়ে বলতে পারে না।

দ্বিতীয়তঃ এক-একজন ছাত্র/ছাত্রীকে এক-এক রকমের প্রশ্ন করা হয় অর্থাৎ কারো ভাগে সহজ প্রশ্ন পড়ে আবার কারো ভাগে অনেক কঠিন ধরনের প্রশ্ন পড়ে। সুতরাং বলা চলে অনেক সময় এই পদ্ধতিতে ভাগ্য অনুকূল থাকলেই ভর্তির সুযোগ ঘটে।

তৃতীয়তঃ অনেক সময় ছাত্র/ছাত্রীরা প্রশ্নকর্তার মন-মেজারের শিকার হন। এতে প্রমাণিত হয় পরীক্ষার্থীরা মৌখিক পরীক্ষায় অনেক অসুবিধার সম্মুখীন হন।

জীবন চলার পথে দীর্ঘ ১২ বছরের শিক্ষা জীবন পেরিয়ে সোনালী স্বপ্ন এবং বুকভরা আশা নিয়ে ভবিষ্যৎ জীবনকে সুখী এবং সার্থক করে তোলার মানসে বহু দূর দূরান্ত থেকে ছাত্র/ছাত্রীরা এসে থাকে উচ্চ শিক্ষা অর্জনের জন্য এবং বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়ার জন্য।

কিন্তু উপরোক্ত কারণগুলোর জন্য অনেক ভাল ছাত্র/ছাত্রী লিখিত পরীক্ষায় ভাল ফলাফল করেও মৌখিক পরীক্ষার কারণে ভর্তির সুযোগ পায় না। এমতাবস্থায় যদি মৌখিক পরীক্ষা না নিয়ে শুধুমাত্র লিখিত পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ছাত্র/ছাত্রী ভর্তি করানো হয়, তাহলে মেধাবী ছাত্র/ছাত্রীরাই ভর্তির সুযোগ পাবে।

এ ব্যাপারে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের দৃষ্টি দেয়া প্রয়োজন।

— বি. এম. [illegible]